**2024/FYUG/ODD/SEM/**
**BNGDSC–202T/233**

**FYUG Odd Semester Exam., 2024**

BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGDSC–202T

**( উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
উত্তীর্ণমান : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Learnfo

**UNIT—I**

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনূদিত 'সীতার বনবাস' গ্রন্থের উৎস গ্রন্থ কী কী?

(খ) দুর্মুখ কে? সে রামকে কী সংবাদ দিয়েছিল?

(গ) সীতাকে বনবাসে কে নিয়ে গিয়েছিলেন? তাঁদের রথের সারথি কে ছিল?

২। ''বিদ্যাসাগর তাঁর 'সীতার বনবাস' গ্রন্থে অনুবাদের মাধ্যমেও যে শিল্প ও সাহিত্যের অমরাবতীতে উত্তীর্ণ হতে সক্ষম তা প্রমাণ করে দিলেন।''—বিখ্যাত সমালোচকের এই মন্তব্যের আলোকে 'সীতার বনবাস' গ্রন্থের অনুবাদের মৌলিকতা বিশ্লেষণ করো। ১০



Scanned with OKEN Scanner

অথবা

৩। "বিদ্যাসাগর 'সীতার বনবাসে' সীতা চরিত্রটি বাস্তব সত্যের মধ্যে প্রতিষ্ঠিত করেছেন। পৌরাণিক পরিবেশ থেকে নামিয়ে এনে বাঙালির হৃদয়ে চিরদিনের জন্য চিত্রিত করেছেন।" বিদ্যাসাগরের 'সীতার বনবাস' গ্রন্থের সীতা চরিত্রের বিশেষত্ব আলোচনা করো। ১০

## UNIT—II

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম কী ছিল? তাঁর 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(খ) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থের 'আলাল' ও 'দুলাল'-এর নাম লেখো।

(গ) "ও আমার সবেধন নীলমণি—তুলাইয়া টুলাইয়া গায় হাত বুলাইয়া শেখাও"—এ কথাটি কে, কাকে বলেছেন?

৫। প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরের দুলাল' গ্রন্থের দুলাল চরিত্র সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

৬। "উহাতেই প্রথম এ বাঙ্গালাদেশে প্রচারিত হইল যে, যে বাঙ্গালা সর্বজন মধ্যে কথিত এবং প্রচলিত, তাহাতে গ্রন্থ রচনা করা যায়, সে রচনা সুন্দরও হয়"—'আলালের ঘরের দুলাল' গ্রন্থের গদ্যভাষার বিশেষত্ব সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ১০





## UNIT—III

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) নকশা কী?

(খ) কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নক্শা' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(গ) "আজকাল সহরের ইংরাজি কেতার বাবুরা দুটি দল হয়েছেন"—দল দুটি কী কী?

৮। "কলকেতা সহরের আমোদ শিগ্‌গির ফুরায় না।" কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থের 'কলিকাতার চড়কপার্বণ' পাঠে 'চড়ক'-এর যে বর্ণনা পাওয়া যায় তা বিশ্লেষণ করো। ১০

অথবা

৯। "ইহাতে আমাদিগের সমাজের বর্তমান অবস্থা সবিস্তারে বর্ণিত হইয়াছে।" সমালোচকের এই মন্তব্যের আলোকে 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থে বর্ণিত সমাজচিত্রের পরিচয় দাও। ১০

## UNIT—IV

১০। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসের প্রথম পরিচ্ছেদের নাম কী? উপন্যাসটির পরিচ্ছেদসংখ্যা কত?

(খ) নগেন্দ্রনাথ দত্ত কোথাকার জমিদার ছিলেন? তাঁর স্ত্রীর নাম কী?

(গ) 'বিষবৃক্ষ' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?



Learnfo

১১। ''বঙ্কিমচন্দ্রের সমাজ সম্বন্ধে নিখুঁত পর্যবেক্ষণ ও উপলব্ধির গভীরতাই 'বিষবৃক্ষ' উপন্যাসের মূল সূত্র।'' সামাজিক উপন্যাস হিসেবে 'বিষবৃক্ষ'-এর সার্থকতা বিশ্লেষণ করো। ১০

*অথবা*

১২। 'বিষবৃক্ষ' উপন্যাসের নগেন্দ্রনাথ চরিত্রের বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো। ১০

## UNIT—V

১৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম গল্পের নাম লেখো। সুভাষিণী কে?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম পর্বে রচিত গল্পগুলি কোন্ কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(গ) রবীন্দ্রনাথের 'ছুটি' গল্প কত খ্রিস্টাব্দে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

১৪। ''কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল, সে মরে নাই।'' রবীন্দ্রনাথের 'জীবিত ও মৃত' গল্প অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য সবিস্তারে বর্ণনা করো। ১০

*অথবা*

১৫। রবীন্দ্রনাথের 'মধ্যবর্তিনী' গল্পের নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো। ১০

★ ★ ★



Learnfo

Scanned with OKEN Scanner